74

দৈনিক খবর

তারিখ 11 JUN 1990
পৃষ্ঠা 7 কলাম 4
(১৮)

বিজয় মিছিলে ডাকসু নেতৃবৃন্দ

# ক্যাম্পাসে অস্ত্রের ঝনঝনানি বন্ধ করবো

।। স্টাফ রিপোর্টার ।।

নবনির্বাচিত ডাকসু কর্মকর্তাদের নিয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে গতকাল রোববার বিজয় মিছিল হয়েছে। এ উপলক্ষে ডাকসু'র নবনির্বাচিত নেতৃবৃন্দ বলেছেন, আমরা ক্যাম্পাসে সকল প্রকার সন্ত্রাস ও অস্ত্রের ঝনঝনানি বন্ধ করব।

ডাকসু নির্বাচনে বিপুল বিজয় উপলক্ষে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল সকালে এক বিজয় মিছিল বের করে। সকাল ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এ বিজয় মিছিল বের হয়। এর আগে বিভিন্ন সাজে সজ্জিত হয়ে সংগঠনের নেতা-কর্মীরা আনন্দ মিছিল করে দলে দলে অপরাজেয় বাংলার পাদদেশে সমবেত হয়। সেখানে ডাকসুর নবনির্বাচিত ভিপি আমান উল্লাহ আমানের সংক্ষিপ্ত

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## ক্যাম্পাসে অস্ত্রের

প্রথম পৃষ্ঠার পর

বক্তব্যের পরে মিছিল শুরু হয়। কয়েকটি মাইক ও ব্যান্ড পার্টিসহ মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে নগরীর বিভিন্ন সড়ক হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন সংগঠনের সাবেক সভাপতি আসাদুজ্জামান রিপন, বর্তমান আহবায়ক ও ডাকসু ভিপি আমান উল্লাহ আমান, জি এস খায়রুল কবির খোকন ও সংগঠনের যুগ্ম আহবায়ক সানাউল হক নিরু।

তারা স্বৈরাচারের পতন ও শিক্ষার অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ডাকসুর নেতৃত্বে তীব্র আন্দোলন গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করে বলেন, জাতীয়তাবাদী ছাত্রদল ও ডাকসু ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ যে কোন মূল্যে রক্ষা করবে। ছাত্রদল ও ডাকসু ক্লাস চলাকালে করিডোরে কোন মিছিল করবে না। তারা আবাসিক সংকট ও পরিবহণ সংকটসহ ছাত্রদের বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে আন্দোলন গড়ে তোলারও অঙ্গীকার ব্যক্ত করেন।